সংবাদ।



তারিখ ১৭/১/৮১... ... ...
পৃষ্ঠা... 2 ... ...কলাম...৫... ...

# দেশের বিভিন্ন স্থানে প্রাথমিক শিক্ষকদের সমাবেশ ও মিছিল

টাঙ্গাইল ১৫ই জানুয়ারী (নিজস্ব সংবাদদাতা)।—টাঙ্গাইল জেলা প্রাথমিক শিক্ষক সমিতির নেতৃবৃন্দ প্রাথমিক বিদ্যালয়সমূহ স্থানীয় সরকারের হাতে দেয়ার সরকারী সিদ্ধান্তের তীব্র প্রতিবাদ জানিয়ে অবিলম্বে এ সিদ্ধান্ত বাতিলের দাবী জানিয়েছেন।

গত ১৩ই জানুয়ারী 'বিশ্বাসভঙ্গ দিবস'-এ জেলা প্রাথমিক শিক্ষক সমিতির উদ্যোগে স্থানীয় বিন্দুবাসিনী স্কুল ময়দানে আয়োজিত সমাবেশে শিক্ষক নেতৃবৃন্দ বলেন, আমরা যখন পথে নেমেছি, দাবী পূরণ না হলে ঘরে ফিরব না। আমরা ঘরের চালা, স্ত্রীর গহনা এমনকি গরু বিক্রি করে হলেও মর্যাদার প্রশ্নে লড়াই চালিয়ে যাবো। তারা উপস্থিত এলাকা বিলেরও সমালোচনা করে অবিলম্বে এ বিল তুলে নেয়ার দাবী জানান। সমাবেশে বিভিন্ন ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ বলেন, শিক্ষকদের লড়াইয়ে ছাত্রসমাজ তাদের পাশে থাকবে।

সমাবেশে সভাপতিত্ব করেন জেলা প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি জনাব নবাব আলী। সমাবেশ শেষে শিক্ষক নেতৃবৃন্দের নেতৃত্বে একটি মিছিল বের করা হয়। প্রায় দেড় মাইল দীর্ঘ এই মিছিলে হাজার হাজার শিক্ষক এবং ছাত্র অংশ নেয়। মিছিলকারীরা শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে।

## পাবনা

পাবনা থেকে আমাদের সংবাদদাতা জানান: প্রাথমিক বিদ্যালয়সমূহ পৌর কর্পোরেশনের ও স্থানীয় সরকারের হাতে দেয়ার সরকারী সিদ্ধান্তের প্রতিবাদে প্রাথমিক শিক্ষক সমিতির উদ্যোগে গত ১৩ই জানুয়ারী স্থানীয় টাউন হল ময়দানে এক প্রতিবাদ শিক্ষক জনসভা অনুষ্ঠিত হয়। এ সভায় সভাপতিত্ব করেন জেলা শিক্ষক সমিতির সভাপতি জনাব মুজিবর রহমান। সভায় প্রাথমিক শিক্ষকদের পৌর কর্পোরেশন ও স্থানীয় সরকারের হাতে দেয়ার তীব্র সমালোচনা করে বক্তৃতা করেন শিক্ষক জনাব আবদুর রশিদ নওশের আলী, জাতীয় সংসদ সদস্য জনাব মীর্জা আবদুল লতিফ, পাবনার ছাত্রলীগ নেতা জনাব আজিজুল হক আজিজ, ছাত্রনেতা জনাব নির্মল বিশ্বাস, ছাত্রলীগ (মুনির-হাসিব) এর পক্ষ থেকে মশিয়ুর রহমান দুলাল, জাসদ নেতা তাফিকুল ইসলাম ও জেলার বিভিন্ন থানা থেকে আগত শিক্ষক নেতৃবৃন্দ।

সভাশেষে এক প্রতিবাদ মিছিল সারা শহর প্রদক্ষিণ করে।

## ঈশ্বরদী

ঈশ্বরদী থেকে আমাদের নিজস্ব সংবাদদাতা জানান, প্রাথমিক শিক্ষক সমিতি ঈশ্বরদী থানা শাখার উদ্যোগে এখানে 'বিশ্বাস ভঙ্গ দিবস' পালন করা হয়।

প্রাথমিক শিক্ষকদের দাবীর সমর্থনে বিভিন্ন ছাত্র সংগঠন এদিন শহরের সব কটি শিক্ষা প্রতিষ্ঠানে ক্লাস বর্জনের আহ্বান জানায়। আহ্বানে সাড়া দিয়ে ছাত্র ছাত্রীরা এক বিক্ষোভ মিছিল বের করে এবং প্রাথমিক শিক্ষকদের ন্যায্য দাবী মেনে নেয়ার দাবী জানিয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে।

বিকেলে স্থানীয় মোটর ষ্ট্যাণ্ডে এক গণসমাবেশের আয়োজন করা হয়। জনাব আব্দুল জলিলের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন জনাব ইসহাক আলী, লুৎফর রহমান, আবুল কালাম আজাদ প্রমুখ শিক্ষক ও স্থানীয় নেতৃবৃন্দ। বক্তাগণ অবিলম্বে প্রাথমিক বিদ্যালয়ের নিয়ন্ত্রণভার পৌরসভা ও ইউনিয়ন পরিষদের অধীনে হস্তান্তর করার সরকারী সিদ্ধান্ত প্রত্যাহারের জোর দাবী জানান।

## হালুয়াঘাট

হালুয়াঘাট (ময়মনসিংহ) (নিজস্ব সংবাদদাতা)।—বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির হালুয়াঘাট শাখার উদ্যোগে স্থানীয় ঐতিহাসিক বটতলায় একজনসভা অনুষ্ঠিত হয়েছে। স্থানীয় মহাবিদ্যালয় ও বিদ্যালয়ের ছাত্রছাত্রীগণ প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বিভিন্ন দাবীর সমর্থনে ধর্মঘট করে।

শিক্ষক সমিতির জনসভা সমিতির হালুয়াঘাট থানা শাখার সভাপতি জনাব আবদুল কাদির মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। বক্তৃতা করেন শিক্ষক সমিতির থানা শাখার সম্পাদক জনাব শরমান আলী, শিক্ষক আবদুল মান্নান, অবিনাশ চন্দ্র সরকার, আশুতোষ সাহা, ওয়াহিদুজ্জামান মনু, আখতার উদ্দিন আহম্মদ ছাত্রনেতা মিলন কান্তি সরকার মোখলেসুর রহমান এবং এমদাদুল হক মণ্ডল।

## চাঁদপুর

চাঁদপুর থেকে নিজস্ব সংবাদদাতা জানান, গত ১৩ই জানুয়ারী চাঁদপুরে ৬টি ছাত্র সংগঠনের আহ্বানে সেখানে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘট পালিত হয়।

এ উপলক্ষে উক্ত ৬টি সংগঠনের পক্ষ থেকে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি চাঁদপুর কোর্ট ষ্টেশন থেকে শুরু করে শহরের গুরুত্বপূর্ণ সড়কগুলো প্রদক্ষিণ করে। বিকেলে চাঁদপুর পৌরপার্কে জনাব খালেকুর রহমান জাকির-এর সভাপতিত্বে এক ছাত্র সভা অনুষ্ঠিত হয়। এতে বিভিন্ন ছাত্রসংগঠনের নেতৃবৃন্দ প্রাথমিক বিদ্যালয়গুলোকে পৌর কর্পোরেশন এবং ইউনিয়ন পরিষদের অধীনে ছেড়ে দেয়ার সরকারী সিদ্ধান্তের কঠোর সমালোচনা করে অবিলম্বে এ সিদ্ধান্ত প্রত্যাহারের দাবী জানিয়ে বক্তব্য রাখেন।

## কুমিল্লা

কুমিল্লা থেকে নিজস্ব সংবাদদাতা জানান, প্রাথমিক শিক্ষক সমিতির বিশ্বাস ভঙ্গ দিবসে গত ১৩ই জানুয়ারী এখানে এক বিশাল বিক্ষোভ মিছিল বের হয়। মিছিলকারীদের সংখ্যা ১০ হাজারেরও বেশী হবে বলে অনুমান করা হয়। তাছাড়া বিভিন্ন ছাত্র সংগঠনের ডাকে স্কুলকলেজে ধর্মঘট পালিত হয়। মিছিলকারীরা জেলা প্রশাসকের অফিসের সামনে গিয়ে প্রায় দু'ঘণ্টা অবস্থান ধর্মঘট পালন করে। পূর্বাহ্নে স্থানীয় টাউন হল ময়দানে অনুষ্ঠিত এক বিশাল ছাত্র-শিক্ষক জমায়েতে দাবী না মানা পর্যন্ত আন্দোলন অব্যাহত রাখার সিদ্ধান্ত নেয়া হয়। জেলা কমিটির সভানেত্রী মিসেস মল্লিকা বেগমের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সমাবেশে বক্তব্য রাখেন জেলা সম্পাদক জনাব আবু তাহের পাটোয়ারী, জেলা কমিটির সহ-সভাপতি জনাব মুজিবর রহমান ও সুফিয়া বেগম প্রমুখ শিক্ষক নেতৃবৃন্দ এবং জেলা ছাত্র ইউনিয়ন, ছাত্রলীগ (কাদের-চুন্নু), ছাত্রলীগ (জাসদ), ছাত্রলীগ (মান্না), ছাত্র সমিতি প্রভৃতি ছাত্র সংগঠনের জেলা নেতৃবৃন্দ। বক্তাগণ অবিলম্বে শিক্ষকদের দাবী মেনে নেয়ার আহ্বান জানান।